দৈনিক সংবাদ

তারিখ 01-NOV 1995
পৃষ্ঠা ৫ কলাম ৭

২৪

# দেশে ৩১ হাজার গ্রামে কোন প্রাথমিক বিদ্যালয় নেই

॥ হাসিবুর রহমান বিলু ॥

বগুড়া, ৩১শে অক্টোবর। দেশের ৬৪টি জেলার প্রায় ৩১ হাজার গ্রামে কোন সরকারি বা বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নেই, ফলে সরকারের 'বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা' কর্মসূচী শুরুতেই মুখ থুবড়ে পড়েছে।

প্রাথমিক শিক্ষার সাথে জড়িত একটি সরকারি ও একটি বেসরকারি সংস্থার কাছে পাওয়া সর্বশেষ পরিসংখ্যানে দেখা গেছে, দেশের মোট ৬৪টি জেলার ৪শ' ৯০টি থানার ৮৬ হাজার ৩৮টি গ্রামের মধ্যে সরকারি ও বিভিন্ন বেসরকারি সংস্থা পরিচালিত সবমিলিয়ে প্রাথমিক বিদ্যালয় চালু আছে ৫৫ হাজার ৬১টি, বাকি ৩০ হাজার ৯শ' ৭৭টি গ্রামেই নেই কোন প্রাথমিক বিদ্যালয়। ৮৬ হাজার ৩৮টি গ্রামের মধ্যে ৪৮ হাজার ৩শ' ৩২টি গ্রামেই নেই কোন সরকারি প্রাথমিক বিদ্যালয়।

সরকারি সূত্রে জানা গেছে, উত্তরাঞ্চলের ১৬টি জেলার ১শ' ২৭টি থানার ২৩ হাজার ৪শ' ৯৪টি গ্রামের মধ্যে সব মিলিয়ে ১৪ হাজার ৭শ' ৭২টি গ্রামে প্রাথমিক বিদ্যালয় আছে, বাকি, ৯ হাজার ৪শ' ৪২টি গ্রামেই নেই কোন সরকারি-বেসরকারি প্রাথমিক বিদ্যালয়। ২৩ হাজার ৪শ' ৯৪টি গ্রামের মধ্যে ১৪ হাজার ২শ' ৭২টি গ্রামেই নেই কোন সরকারি প্রাথমিক বিদ্যালয়। এই বিভাগে ব্যতিক্রম হল নীলফামারী ও লালমনিরহাট জেলা। নীলফামারী জেলায় সব মিলিয়ে গ্রাম আছে ৩শ' ৮৯টি কিন্তু সব মিলিয়ে প্রাথমিক বিদ্যালয় আছে ৮শ' ৫৮টি। অর্থাৎ এ জেলায় প্রাথমিক বিদ্যালয় বেশি আছে ৪শ' ৬৯টি। তেমনি আবার লালমনিরহাট জেলায় গ্রাম আছে ৪শ' ৬১টি অথচ প্রাথমিক বিদ্যালয় আছে সব মিলিয়ে ৫শ' ৩টি অর্থাৎ প্রাথমিক বিদ্যালয় এ জেলার বেশি আছে ৪২টি।

বরিশাল বিভাগের ৬টি জেলার ৩৮টি থানার ৪ হাজার ১শ' ৬৩টি গ্রামের মধ্যে সবমিলিয়ে প্রাথমিক বিদ্যালয় আছে ৫ হাজার ১৫টি। এই বিভাগে ৪ হাজার ১শ' ৬৩টি গ্রামের মধ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয় নেই ৮শ' ৮৫টি গ্রামে। তবে বিভিন্ন বেসরকারি সংস্থা এই বিভাগে বিপুল সংখ্যক প্রাথমিক বিদ্যালয় চালু করার ফলে এই বিভাগের ৪ হাজার ১শ' ৬৩টি গ্রামে গড়ে ১টির বেশি প্রাথমিক বিদ্যালয় চালু আছে। বরিশাল বিভাগের বরিশালে গ্রাম আছে ১ হাজার ১শ' ৭৩টি, সবমিলিয়ে এ জেলায় প্রাথমিক বিদ্যালয় আছে ১ হাজার ৩শ' ৬৯টি। অর্থাৎ ১শ' ৯৬টি বেশি। ভোলা জেলায় গ্রাম আছে ৪শ' ৭৭টি, সবমিলিয়ে এ জেলায় প্রাথমিক বিদ্যালয় আছে ৭শ' ৬০টি। অর্থাৎ ২শ' ৮৩টি বেশি। ঝালকাঠি জেলায় গ্রাম আছে ৪শ' ৫১টি সব মিলিয়ে এ জেলায় প্রাথমিক বিদ্যালয় আছে ৮শ' ৩৫টি। অর্থাৎ ৩শ' ৮৪টি বেশি। পটুয়াখালী জেলায় গ্রাম আছে ৮শ' ৮৭টি, সবমিলিয়ে এ জেলায় প্রাথমিক বিদ্যালয় আছে ৯শ' ৫৭টি। অর্থাৎ ৭০টি বেশি। বরগুনাতে গ্রাম আছে ৫শ' ৬৬টি সেখানে সবমিলিয়ে প্রাথমিক বিদ্যালয় আছে ৫শ' ৮৩টি অর্থাৎ ১৭টি বেশি।

ঢাকা বিভাগের ১৭টি জেলার ১শ' ৩৪টি থানার ২৫ হাজার ১শ' ৬টি গ্রামের মধ্যে সবমিলিয়ে প্রাথমিক বিদ্যালয় আছে ১৪ হাজার ৫শ' ৫৭টি গ্রামে। বাকি ১০ হাজার ৫শ' ২৭টি গ্রামে নেই কোন সরকারি বা বেসরকারি প্রাথমিক বিদ্যালয়। ২৫ হাজার ১শ' ৬টি গ্রামের মধ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয় নেই ১৫ হাজার ৮৫টি গ্রামে।

খুলনা বিভাগের ১০টি জেলার ৬৩টি থানার ৯ হাজার ২শ' ২১টি গ্রামের মধ্যে সবমিলিয়ে প্রাথমিক বিদ্যালয় আছে ৬ হাজার ৬শ' ৬৫টি গ্রামে। বাকি ২ হাজার ৭শ' ৫৭টি গ্রামেই নেই কোন সরকারি বা বেসরকারি প্রাথমিক বিদ্যালয়। ৯ হাজার ২শ' ২১টি গ্রামের মধ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয় নেই ৪ হাজার ৯শ' ১টি গ্রামে।

চট্টগ্রাম বিভাগের (চট্টগ্রাম ও বর্তমান সিলেট বিভাগসহ) ১৫টি জেলায় ১শ' ২৮টি থানার ২৪ হাজার ৫৪টি গ্রামের মধ্যে সবমিলিয়ে প্রাথমিক বিদ্যালয় আছে ১৩ হাজার ৯শ' ২০টি গ্রামে। বাকি ১০ হাজার ১শ' ৩৪টি গ্রামেরই নেই কোন সরকারি বা বেসরকারি প্রাথমিক বিদ্যালয়। ২৪ হাজার ৫৪টি গ্রামের মধ্যে এই বিভাগের ১৫টি জেলায় ১৩ হাজার ২শ' ৬০টি গ্রামেই নেই কোন সরকারি প্রাথমিক বিদ্যালয়। তবে এ বিভাগে ব্যতিক্রম হলো চট্টগ্রাম, নোয়াখালী, লক্ষীপুর ও সিলেট জেলা। চট্টগ্রাম জেলায় মোট গ্রাম আছে ১ হাজার ৩শ' ৭৪টি। কিন্তু সবমিলিয়ে প্রাথমিক বিদ্যালয়ে আছে ১ হাজার ৯শ' ৮০টি। অর্থাৎ ৬শ' ৬টি প্রাথমিক বিদ্যালয় বেশি। নোয়াখালী জেলায় গ্রাম আছে ৯শ' ৮৭টি। কিন্তু এ জেলায় সবমিলিয়ে প্রাথমিক বিদ্যালয় আছে ১ হাজার ৬৪টি। অর্থাৎ ৭৭টি বেশি। আর লক্ষীপুরে জেলার গ্রাম আছে ৫শ' ২৯টি। কিন্তু এ জেলায় সবমিলিয়ে প্রাথমিক বিদ্যালয় আছে ৬শ' ৩০টি। অর্থাৎ এ জেলায় প্রাথমিক বিদ্যালয় বেশি আছে ১শ' ১টি।